

সময় বাড়ল যবিপ্রবির ভর্তি পরীক্ষার

সংবাদ : যশোর অফিস | ঢাকা, বুধবার, ১৬ অক্টোবর ২০১৯

ভর্তিচ্ছুল পরীক্ষার্থী ও অভিভাবকদের অনুরোধের প্রেক্ষিতে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (যবিপ্রবি) ২০১৯-২০ শিক্ষাবর্ষের মাত্রক (ইঞ্জিনিয়ারিং/সম্মান/প্রফেশনাল) প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার আবেদনের সময় আগামী ২৫ অক্টোবর পর্যন্ত বাড়ানো হয়েছে। তবে ভর্তিপরীক্ষার সময় অপরিবর্তিত থাকছে অর্থাৎ ২১ ও ২২ নভেম্বরেই পরীক্ষা অনুষ্ঠিত হবে।

গত রোববার যবিপ্রবির উপাচার্য অধ্যাপক ড. মো. আনন্দয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত ডিন কমিটির সভায় ভর্তিপরীক্ষার আবেদনের সময় বাড়ানোর এ সিদ্ধান্ত নেয়া হয়। এ সময় বিভিন্ন অনুষদের ডিনরা, শিক্ষক সমিতির সভাপতি-সাধারণ সম্পাদক, ভর্তিপরীক্ষা সংক্রান্ত টেকনিক্যাল কমিটির আহ্বায়ক এবং রেজিস্ট্রার প্রমুখ উপস্থিত ছিলেন।

আবেদনের শেষ সময় আগামী ২৫ অক্টোবর সৌম্যবারু রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত। ভর্তিচ্ছুল পরীক্ষার্থীরা ২৬ থেকে ৩১ অক্টোবর পর্যন্ত প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। প্রবেশপত্রে কোন ভুল তথ্য থাকলে, তা ভর্তি সংক্রান্ত হটলাইনে ঘোষাঘোগ করতে হবে।

আগামী ২১ নভেম্বর বৃহস্পাতিবার সকাল সাড়ে ৯টা থেকে ১১টা পর্যন্ত ‘এ’ ইউনিট, দুপুর সাড়ে ১২ থেকে ২টা পর্যন্ত ‘বি’ ইউনিট এবং বিকেল সাড়ে ৩টা থেকে ৫টা পর্যন্ত ‘সি’ ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। ২২ নভেম্বর শুক্রবার সকাল ৯টা থেকে সকাল সাড়ে ১০টা পর্যন্ত ‘ডি’ ইউনিট, বেলা ১১টা থেকে সাড়ে ১২টা পর্যন্ত ‘ই’ ইউনিট এবং বিকেল সাড়ে ৩টা থেকে ৫টা পর্যন্ত ‘এফ’ ইউনিটের ভর্তিপরীক্ষা অনুষ্ঠিত হবে।